রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ১৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭৯-আইন/২০১৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। শিরোনাম।—এই বিধিমালা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (তথ্য দপ্তর কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রী, বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;



মূল্য ঃ টাকা ২০.০০

(ছ) "শিক্ষানবিশ" অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(জ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতঃপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত বা বিধিবদ্ধ সংস্থার চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, জাতীয় বেতনস্কেলের ১১-১৭তম গ্রেড হইতে ১০ম গ্রেডে অথবা ১০ম গ্রেড হইতে ৯ম ও তদূর্ধ গ্রেডে অথবা ১১-১৭তম গ্রেড হইতে ৯ম ও তধূর্ধ গ্রেডে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এক বা একাধিক বার এইরূপে বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে অথবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ থেকে পদোন্নতি প্রদান হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পন্ন হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ —

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশক্রমে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন ।

৭। বিশেষ বিধান।—তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ হইলে উভয় প্রকার কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। রহিতকরণ ও হেফাজত।—(১) Gazetted Officers (Agriculture/ Information Service) Recruitment Rules, 1980 এর Schedule এর যে সকল পদ এই বিধিমালার তফসিলে অন্তর্ভুক্ত করা হইয়াছে তাহা, এই বিধিমালা জারি হইবার সঙ্গে সঙ্গে উক্ত বিধিমালার তফসিল হইতে বিলুপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) উক্তরূপ বিলুপ্তি সত্ত্বেও উক্ত পদ সম্পর্কিত নিষ্পন্নাধীন কোন কার্যক্রম, যদি থাকে, উহা যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

(৩) উক্তরূপ বিলুপ্তকৃত পদে ইতিপূর্বে নিয়োগকৃত কমচারীগণ এই বিধিমালার অধীন একই শর্তে নিয়োগপ্রাপ্ত বলিয়া বিবেচিত হইবেন এবং কর্মরত থাকিতে পারিবেন।

তফসিল

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল (২০১৫ অনুযায়ী) ও পদ সংখ্যা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা | পদোন্নতি/প্রেষণে নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | তথ্য কর্মকর্তা (লাইভস্টক)<br>গ্রেড-০৬<br>বেতনস্কেল:<br>৩৫৫০০-৬৭০১০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা বিজ্ঞান বা পশু পালন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা বিজ্ঞান বা পশু পালন বিষয়ে অন্যূন ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পশু চিকিৎসা বিজ্ঞান বা পশু পালন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। | প্রেষণের ক্ষেত্রে:<br>প্রাণিসম্পদ অধিদপ্তর হইতে সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ২। | আঞ্চলিক বেতার কৃষি কর্মকর্তা<br>গ্রেড-০৭<br>বেতনস্কেল:<br>২৯০০০-৬৩৪১০/-<br>পদ সংখ্যা: ০২ | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | ---------------------- | পদোন্নতির ক্ষেত্রে:<br>তথ্য কর্মকর্তা (মৎস্য) বা প্রকাশনা কর্মকর্তা বা যুগ্ম-সম্পাদক পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি।<br>প্রেষণের ক্ষেত্রে:<br>প্রাণিসম্পদ অধিদপ্তর অথবা মৎস্য অধিদপ্তর হইতে সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |
| ৩। | তথ্য কর্মকর্তা (মৎস্য)<br>গ্রেড-০৯<br>বেতনস্কেল:<br>২২০০০-৫৩০৬০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিষয়ে অন্যূন ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। | প্রেষণের ক্ষেত্রে:<br>মৎস্য অধিদপ্তর হইতে সম-বেতনস্কেল ও সম-পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে নিয়োগের মাধ্যমে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ৪। | প্রকাশনা কর্মকর্তা<br>গ্রেড-০৯<br>বেতন স্কেল:<br>২২০০০-৫৩০৬০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে, স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে, স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। | পদোন্নতির ক্ষেত্রে :<br>অনুবাদক বা সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা বা গণযোগাযোগ কর্মকর্তা পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৫। | যুগ্ম সম্পাদক<br>গ্রেড-০৯<br>বেতন স্কেল:<br>২২০০০-৫৩০৬০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে, স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী | পদোন্নতির ক্ষেত্রে :<br>অনুবাদক বা সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা বা গণযোগাযোগ কর্মকর্তা পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| | | | | অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। | |
| ৬। | অডিও ভিজ্যুয়াল ইকুইপমেন্ট মেকানিক<br>গ্রেড-১১<br>বেতন স্কেল:<br>১২৫০০-৩০২৩০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে রেডিও ইলেকট্রনিক্স বিষয়ে ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী;<br>(খ) প্রজেক্টর, টেপরেকর্ডার, জেনারেটর, পিএ সেট ইত্যাদি মেরামতের বিষয়ে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ............... |
| ৭। | গণযোগাযোগ কর্মকর্তা<br>গ্রেড-১২<br>বেতন স্কেল:<br>১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) সাংবাদিকতা ও প্রকাশনা বিষয়ের কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>কৃষি তথ্য কেন্দ্র সংগঠক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ৮। | অনুবাদক<br>গ্রেড-১২<br>বেতন স্কেল:<br>১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) বাংলা হইতে ইংরেজী এবং ইংরেজী হইতে বাংলা অনুবাদকরণে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ............... |
| ৯। | চিত্রশিল্পী<br>গ্রেড-১২<br>বেতন স্কেল:<br>১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফাইন আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী বা ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>সহকারী চিত্রশিল্পী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১০। | অডিও ভিজ্যুয়াল কর্মকর্তা<br>গ্রেড-১২<br>বেতন স্কেল:<br>১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) অডিও ভিজ্যুয়াল কাজের ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>অডিও ভিজ্যুয়াল ইউনিট অপারেটর বা ক্যামেরাম্যান বা অডিও ভিজ্যুয়াল ইউনিট মেকানিক বা ফটোগ্রাফার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ১১। | সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা<br>গ্রেড-১২<br>বেতন স্কেল:<br>১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন-লাইভস্টক বা ডিপ্লোমা ইন-ফিশারিজ বা সমমানের ডিগ্রী;<br>(খ) মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণ ও সম্প্রসারণ কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>কৃষি তথ্য কেন্দ্র সংগঠক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১২। | সহকারী তথ্য কর্মকর্তা<br>গ্রেড-১২<br>বেতন স্কেল:<br>১১৩০০-২৭৩০০/-<br>পদ সংখ্যা: ০২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন-লাইভস্টক বা ডিপ্লোমা ইন-ফিশারিজ বা সমমানের ডিগ্রী;<br>(খ) মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণ ও সম্প্রসারণ কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | <u>পদোন্নতির ক্ষেত্রে</u> :<br>কৃষি তথ্য কেন্দ্র সংগঠক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১৩। | সহকারী চিত্রশিল্পী<br>গ্রেড-১৩<br>বেতন স্কেল:<br>১১০০০-২৬৫৯০/-<br>পদ সংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফাইন আর্টস বা কমার্শিয়াল আর্টস বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী বা ডিপ্লোমা বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ................ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ১৪। | কৃষি তথ্য কেন্দ্র সংগঠক<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল:<br>১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা : ১২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে (৫০% পদ ডিপ্লোমা ইন- লাইভস্টক এবং ৫০% পদ ডিপ্লোমা ইন-ফিশারিজ বিষয়ে ডিগ্রীধারীগণের মধ্যে হইতে) | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন-লাইভস্টক ডিপ্লোমা ইন-ফিশারিজ বা সমমানের ডিগ্রী ; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ........... |
| ১৫। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল:<br>১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা : ০১ | ...... | পদোন্নতির মাধ্যমে | ................ | পদোন্নতির ক্ষেত্রেঃ<br>(ক) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, হিসাব সহকারী, স্টোরকিপার অথবা ক্যাশিয়ার-কাম-একাউনট্যান্ট পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি ; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১৬। | ফটোগ্রাফার<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল:<br>১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা : ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে স্টীল ক্যামেরা পরিচালনায় ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ ফিল্ম ডেভেলপিং, প্রিন্টিং, কালার প্রসেসিং, ফিল্ম স্ট্রিপ্স ও স্ট্রিপস প্রস্তুতকরণে এবং স্লাইড তৈরীতে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ............ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ১৭। | অডিও ভিজ্যুয়াল ইউনিট অপারেটর<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল:<br>১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা : ০৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ৩৫ এমএম ও ১৬ এমএম প্রজেক্টর, এমপ্লিফায়ার, পিএ সেট, জেনারেটর পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত ;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(ঘ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ............ |
| ১৮। | অডিও ভিজ্যুয়াল ইউনিট মেকানিক<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল:<br>১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা : ০২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল বা অটোমোবাইলস বা ইলেক্ট্রনিক্স বিষয়ে অন্যূন ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড কোর্স উত্তীর্ণসহ প্রজেক্টর, জেনারেটর পিএ সেট, ইত্যাদি যন্ত্রপাতি মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(গ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ............ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ১৯। | ক্যামেরাম্যান<br>গ্রেড-১৪<br>বেতন স্কেল:<br>১০২০০-২৪৬৮০/-<br>পদ সংখ্যা : ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কোন স্বীকৃত সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কোন স্বনামধন্য ফিল্ম স্টুডিওতে ক্যামেরাম্যান হিসাবে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ;<br>(গ) ৩৫ ও ১৬ মি.মি. সাদা-কালো এবং রঙীন সিনেমাটোগ্রাফি এবং ফটোগ্রাফি ও মুভি ক্যামেরা পরিচালনা বিষয়ে বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(ঘ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ............ |
| ২০। | ক্যাশিয়ার-কাম-এ্যাকাউনট্যান্ট<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯৩০০-২২৪৯০/-<br>পদ সংখ্যা : ০৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় কর্ম অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব কর্ম অভিজ্ঞতা ;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(ঘ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে। | .......... |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ২১। | হিসাব সহকারী<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯৩০০-২২৪৯০/-<br>পদ সংখ্যা : ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা ; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ........... |
| ২২। | স্টোরকীপার<br>গ্রেড-১৬<br>বেতন স্কেলঃ<br>৯৩০০-২২৪৯০/-<br>পদসংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(ঘ) প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রয়োজনে, নির্ধারিত নিরাপত্তা জামানত প্রদান করিতে হইবে। | .. |
| ২৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯৩০০-২২৪৯০/-<br>পদসংখ্যা: ০৬ | "নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাচ রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩" এবং মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের ক্ষেত্রে, কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী নিম্নরূপ হইবে, যথা: (ক) বাংলা: প্রতি মিনিটে ২০ শব্দ; এবং (খ) ইংরেজি প্রতি নিমিটে ২০ শব্দ। | | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ২৪। | লাইটম্যান<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯৩০০-২২৪৯০/-<br>পদসংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত ফিল্ম প্রযোজনা প্রতিষ্ঠানে লাইটম্যান হিসাবে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | .. |
| ২৫। | গায়ক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯৩০০-২২৪৯০/-<br>পদসংখ্যা: ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত সঙ্গীত শিক্ষা প্রতিষ্ঠান হইতে লোকসঙ্গীতসহ সঙ্গীত বিষয়ে অন্যূন ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর-ইন-মিউজিক বা সমমানের ডিগ্রী। | .. |
| ২৬। | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল:<br>৯৩০০-২২৪৯০/-<br>পদসংখ্যা: ০৪ | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| ২৭। | প্যাকার<br>গ্রেড-১৯<br>বেতন স্কেল:<br>৮৫০০-২০৫৭০/-<br>পদসংখ্যা: ০৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহায়ক বা ইকুইপমেন্ট ক্লিনার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৮। | ইকুইপমেন্ট ক্লিনার<br>গ্রেড-২০<br>বেতন স্কেল:<br>৮২৫০-২০০১০/-<br>পদসংখ্যা: ০১ | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। | | | |
| ২৯। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতনস্কেল:<br>৮২৫০-২০০১০/-<br>পদসংখ্যা: ১৮ | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী আউটসোর্সিং এর মাধ্যমে। | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাকসুদুল হাসান খান
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ৪১-আইন/২০২২।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের (তথ্য দপ্তর কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিদ্যমান তফসিলটি তফসিল-১ হিসাবে সংখ্যায়িত হইবে;

(২) উক্তরূপ সংখ্যায়িত তফসিল-১ এর ক্রমিক নং-

(ক) ২৩ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪, এবং ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ২৩ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | | | |
|---|---|---|---|
| ২৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |

";

(খ) ২৬ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪, এবং ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | | | |
|---|---|---|---|
| ২৬। | গাড়ীচালক | | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী। |

";



মূল্য : টাকা ৪.০০

(গ) ২৯ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪, এবং ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে ক্রমিক নং ২৯ এবং উহার বিপরীতে কলাম নং ২, ৩, ৪, এবং ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

"; এবং

(৩) উক্তরূপ সংখ্যায়িত তফসিল-১ এর পর নিম্নরূপ নূতন তফসিল-২ সংযোজিত হইবে, যথা:—

"তফসিল-২

[বিধি ২(গ) এবং তফসিল-১ এর ক্রমিক নং ২৯ দ্রষ্টব্য]

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের জন্য পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (ক) লিখিত পরীক্ষা | বাংলা | ২০ | ৫০% | ১ ঘন্টা |
| | ইংরেজি | ২০ | | |
| | গণিত | ২০ | | |
| | সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

ব্যাখ্যা।—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd